বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্রকল্প পরিচালকের কার্যালয়
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ প্রকল্প
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
www.btrc.gov.bd/btrc-building

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.৪৩.০০৪.২১.৪১৯ তারিখঃ ১৪/০৩/২০২২

# সভার নোটিশ

আগামী ২৩/০৩/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় "বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের Project Implementation Committee (PIC) এর ১১তম সভা বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার এর সভাপতিত্বে কমিশনের সভাকক্ষে (কক্ষ নং-৭১১) অনুষ্ঠিত হবে।

০২। সভার আলোচ্যসূচি নিম্নরূপঃ

(ক) প্রকল্প বাস্তবায়নের সার্বিক অগ্রগতি পর্যালোচনা।

(খ) বিবিধ।

০৩। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য/ উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/৩/২০২২

(মোঃ দেলোয়ার হোসাইন)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক (প্রশাসন), বিটিআরসি
ও
প্রকল্প পরিচালক
বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প
ফোনঃ ৯৫৫৪৪৭৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। সিনিয়র সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৪। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৫। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
০৬। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

(০১–০৬) সভায় উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৭। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, "বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ" প্রকল্প, বিটিআরসি।
০৮। যুগ্ম-সচিব (পরিকল্পনা উইং), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
০৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, শের-ই- বাংলা নগর, ঢাকা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। পরিচালক (প্রশাসন), বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা।
১১। উপ-পরিচালক (প্রশাসন), বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা।
১২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৩/ নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম কারখানা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৫, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। নির্বাহী স্থপতি, সার্কেল-২, বিভাগ-৬, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। সিনিয়র সহকারী প্রধান, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন), বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা।
১৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৯। অফিস কপি।

**বিষয়ঃ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (পিআইসি) ১১তম সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব শ্যাম সুন্দর সিকদার, চেয়ারম্যান, বিটিআরসি।
তারিখ ঃ ২৩ মার্চ, ২০২২ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১:০০ ঘটিকা।
সভাস্থল ঃ বিটিআরসি'র প্রধান সভা কক্ষ নং-৭১১।

উপস্থিতি ঃ সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সূচনা বক্তব্যে বলেন যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)'র নিজস্ব প্রধান অফিস ভবন নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের ধারাবাহিকতায় গৃহীত কার্যক্রমের অগ্রগতি, সর্বশেষ অনুষ্ঠিত পিআইসি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার জন্য অদ্য পিআইসি'র ১১ম সভা অনুষ্ঠিত হচ্ছে। তিনি সরাসরি এবং ভার্চ্যুয়ালী (জুম প্লাট ফর্মে) সভায় অংশগ্রহণকারী সদস্যগণকে স্বাগত জানান এবং তিনি তাঁর সূচনা বক্তব্যে বলেন যে, আগামী ১২ ডিসেম্বর' ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ভবনটি উদ্বোধন করবেন বলে মাননীয় মন্ত্রী অভিপ্রায় ব্যক্ত করেছেন। তিনি প্রকল্পটি'র ১ম সংশোধিত ডিপিপিটি একনেকে অনুমোদিত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পরিকল্পনা মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী, পরিকল্পনা বিভাগের সদস্য, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিবসহ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, পরিকল্পনা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর এবং প্রকল্প সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়াও তিনি বলেন যে, ভবন উদ্বোধনের তারিখটি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে আগামী ৩০ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে প্রকল্পের সকল কাজ সম্পন্নের লক্ষে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও সে মোতাবেক কার্যক্রম বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

৩.০ **বিগত ১৪/১২/২০২১ তারিখে প্রকল্প বাস্তবায়ন কমিটি'র ১০ম সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ**

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রকল্প পরিচালক বিগত ১৪ ডিসেম্বর' ২০২১ তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (পিআইসি) সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়।

৪.০ **প্রকল্প বাস্তবায়ন কমিটি'র ১০ম সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ও অদ্য সভার সিদ্ধান্তঃ**

৪.১ গত ১৪ ডিসেম্বর' ২০২১ তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (পিআইসি) ১০ম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি এবং অদ্য সভার পর্যালোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| বিষয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা | অদ্য সভার সিদ্ধান্ত |
|---|---|---|---|
| কাজের অগ্রগতি ও নিয়মিত মনিটরিং | প্রকল্পের কাজের অগ্রগতির ধারা বজায় রাখতে হবে, যাতে নির্ধারিত সময়ে নির্মাণ কাজ সমাপ্ত করা যায়। | নির্ধারিত মেয়াদে প্রকল্প কার্যক্রম সমাপ্তির জন্য প্রকল্প পরিচালকের নেতৃত্বে প্রকল্পের কর্মকর্তাগণ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। একইসাথে প্রকল্পের কাজের অগ্রগতি | প্রকল্পের কাজের অগ্রগতির ধারা বজায় রাখতে হবে এবং সার্বক্ষণিক মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে, যাতে আগামী ৩০ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে সকল কাজ আবশ্যিকভাবে সম্পন্ন করা যায়। |

| | | | |
|---|---|---|---|
| | | বজায় রাখার জন্য প্রকল্পের পক্ষ থেকে সার্বক্ষণিক তদারকি করা হচ্ছে। | বাস্তবায়নেঃ<br><br>প্রকল্প পরিচালক, বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প এবং গণপূর্ত অধিদপ্তর। |
| কাজের গুণগত মান | টেষ্ট রিপোর্টসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | টেষ্ট রিপোর্টসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে। | টেষ্ট রিপোর্টসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ<br><br>প্রকল্প পরিচালক, বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প এবং গণপূর্ত অধিদপ্তর। |
| লিফটসমূহ 'এ'-ক্যাটাগরীর রাখা | মূল্যায়ন কার্যক্রম শেষ হওয়ার পর কার্যাদেশ প্রদানের পূর্বে প্রত্যাশি সংস্থার সাথে আলোচনা করে ব্রান্ড/কান্ট্রি অব অরিজিন নির্ধারণ করতে হবে। এছাড়াও বিদেশ হতে আমদানিতব্য বিভিন্ন ইলেকট্রো মেকানিক্যাল ইকুইপমেন্ট বিশেষত লিফট ও এসি ইত্যাদি আমদানির পূর্বে বিদেশে ও দেশে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন (পিএসআই) এর ব্যবস্থা রাখতে হবে। | (ক) সভায় নির্বাহী প্রকৌশলী (ই/এম) বলেন যে, সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যে লিফট সমূহের দরপত্রের মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে NoA প্রদান করা হয়েছে। আশা করা যাচ্ছে যে, লিফটসমূহ আগামী ২০ সেপ্টেম্বর/২০২২ তারিখের মধ্যে দেশে আসবে এবং অক্টোবর/ ২০২২ এর মধ্যে লিফট ইন্সটলেশনের কার্যক্রম সম্পন্ন হবে।<br><br>(খ) একইসাথে তিনি বিদেশ হতে আমদানিতব্য বিভিন্ন ইলেকট্রো মেকানিক্যাল ইকুইপমেন্ট বিশেষত লিফট ও এসি ইত্যাদি আমদানির পূর্বে বিদেশে ও দেশে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন (পিএসআই) এর ব্যবস্থা রাখা হয়েছে। | (ক) অক্টোবর/ ২০২২ এর মধ্যে লিফট ইন্সটলেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>(খ) লিফট, এসি ও বিদেশ থেকে আমদানিকৃত সকল ইলেকট্রো মেকানিক্যাল ইকুইপমেন্টের আমদানির পূর্বে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন (পিএসআই) এর ব্যবস্থা আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। |
| সিভিল অংশের নতুন/ পরিবর্তিত কম্পোনেন্ট অনুমোদন ও দরপত্র আহবান | প্রকল্পটি নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষে আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সিভিল অংশের নতুন/ পরিবর্তিত আইটেমের বিভিন্ন প্যাকেজের দরপত্র আহবান করতে হবে। | এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী বলেন যে, সিভিল অংশের নতুন/ পরিবর্তিত আইটেমের বিভিন্ন প্যাকেজের দরপত্র আহবান পূর্বক চুক্তি সম্পন্ন করা হয়েছে। | এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণ করায় সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন। |
| পরিকল্পনা কমিশনের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখা | পরিকল্পনা কমিশনে প্রেরিত আরডিপিপিটি পরবর্তী একনেক সভায় উপস্থাপনের লক্ষে পরিকল্পনা কমিশনের সাথে আরো নিবিড় যোগাযোগ | এ বিষয়ে প্রকল্প পরিচালক বলেন যে, গত ২৫/০১/২০২২ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভায় প্রকল্পটি অনুমোদিত | এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণ করায় সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন। একইসাথে প্রকল্পটি'র ১ম সংশোধিত ডিপিপিটি একনেকে অনুমোদিত হওয়ায় মাননীয় |

| | | | |
|---|---|---|---|
| | অব্যাহত রাখতে হবে। | হয়েছে এবং একনেক কর্তৃক গত ১৩/০৩/২০২২ তারিখে প্রকল্প অনুমোদন পত্র জারি করা হয়েছে। | প্রধানমন্ত্রী, মাননীয় পরিকল্পনা মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী, পরিকল্পনা বিভাগের সদস্য, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিবসহ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, পরিকল্পনা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর এবং প্রকল্প সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। |
| টাইলস স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করণ | দ্রুততম সময়ের মধ্যে সমগ্র ভবনের টাইলস স্থাপনের কাজ শেষ করতে হবে। | এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী বলেন যে, সমগ্র ভবনে টাইলস স্থাপনের কাজ চলমান রয়েছে। ১ম পর্যায়ের টেন্ডারের প্রায় ৯০% টাইলসের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও ২য় পর্যায়ের টেন্ডারের টাইলসের কাজের জন্য ঠিকাদারের সাথে চুক্তি সম্পন্ন করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে অবশিষ্ট কাজ শেষ করা হবে। | এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণ করায় সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন। |

৫.০ প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

প্রকল্প পরিচালক সভায় নির্মিতব্য ভবনের ভৌত ও আর্থিক অগ্রগতি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| | | |
|---|---|---|
| প্রকল্পের বর্তমান অগ্রগতি | ঃ | (ক) "TCEL-NDE Joint Venture" প্রতিষ্ঠানটি কার্যাদেশ পাওয়ার পর সাইট পরিস্কার করে প্রকল্পের মূলধারার কাজ শুরু করে। পরবর্তীতে গত ১১/০১/২০২১ তারিখে Over head water tank & roof top ঢালাইয়ের কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। বর্তমানে বিভিন্ন কক্ষের ওয়াল এবং উহার প্লাস্টার, ফিনিশিং কার্যক্রমে আওতায় ওয়াল টাইল্স এবং স্যানেটারী আইটেম পাইপ লাইনিংয়ের কার্যক্রম চলমান রয়েছে। একইসাথে এ/সির ডাক্টিংয়ের কাজসহ গ্লাস ফিটিংয়ের জন্য ফ্রেমিংয়ের কার্যক্রম চলমান রয়েছে।<br>(খ) ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত প্রকল্পের সিভিল কাজের ভৌত অগ্রগতি শতকরা ৭৫.৯০ ভাগ (৭৫.৯০%)। |
| ২৩/০৩/২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ও আর্থিক অগ্রগতি | ঃ | (ক) ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি'তে ৫০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে ১ম-২য় কোয়াটার (জুলাই, ২০২১-ডিসেম্বর, ২০২১) এর জন্য ১২৫০.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে।<br>(খ) ১২৪৭২.৯৮ লক্ষ টাকা। |

৬.০ **অদ্য সভার আলোচনা ও সিদ্ধান্তঃ**

সভায় নির্মিতব্য ভবনের সার্বিক অগ্রগতির বিষয়ে নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা | অদ্য সভার সিদ্ধান্ত |
|---|---|---|
| প্রকল্প উদ্বোধন | আগামী ১২ ডিসেম্বর' ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ভবনটি উদ্বোধন করবেন মর্মে মাননীয় মন্ত্রী অভিপ্রায় ব্যক্ত করেছেন বলে সভাপতি মহোদয় সভায় অবহিত করেন। সে জন্য প্রকল্পটি আগামী ৩০ অক্টোবর, ২০২২ এর মধ্যে বাস্তবায়নের লক্ষে সংশ্লিষ্ট সকল বিভাগের কাজের সমন্বয় সাধন করে দ্রুততম সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | আগামী ১২ ডিসেম্বর' ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভবনটি উদ্বোধনের লক্ষে সকল বিভাগের কাজের সমন্বয় সাধন করে দ্রুততম সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নেঃ**<br><br>ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, প্রকল্প পরিচালক, বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প এবং গণপূর্ত অধিদপ্তর। |
| কর্ম পরিকল্পনা প্রণয়ন | এ বিষয়ে সভাপতি মহোদয় নির্মিতব্য বিটিআরসি ভবনটি আগামী ১২ ডিসেম্বর' ২০২২ তারিখে উদ্বোধনের লক্ষে সকল কাজ ৩০/১০/২০২২ তারিখের মধ্যে সম্পন্নের জন্য বিভিন্ন বিভাগের কাজের সমন্বয় সাধন করে একটি কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি নির্দেশনা প্রদান করেন। | আগামী ০৭(সাত) দিনের মধ্যে সিভিল ও ই/এম অংশের কাজের কর্মপরিকল্পনা চেয়ারম্যান, বিটিআরসি/প্রকল্প দপ্তরে দাখিল করতে হবে।<br><br>**বাস্তবায়নেঃ**<br><br>প্রকল্প পরিচালক, বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প এবং গণপূর্ত অধিদপ্তর। |
| ইন্টারনাল ডেকোরেশন সম্পন্নকরণ | এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন যে, ভবনের অন্যান্য কার্যক্রমের পাশাপাশি ইন্টারনাল ডেকোরেশনের কার্যক্রমও দ্রুত সম্পন্ন করতে হবে। তিনি এ বিষয়ে স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে মনোযোগী হওয়ার অনুরোধ করেন। | আগামী ৩০ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে ইন্টারনাল ডেকোরেশনের সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নেঃ**<br><br>প্রকল্প পরিচালক, বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প, গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তর। |
| সিভিল ও ই/এম সংশ্লিষ্ট ইকুইপমেন্ট | প্রকল্প পরিচালক নির্মিতব্য ভবনের স্থাপনকৃত সকল সিভিল ও ই/এম আইটেম/ইকুইপমেন্টসমূহ প্রকল্প দপ্তরে দেখিয়ে অনুমোদন নেয়া প্রয়োজন মর্মে উল্লেখ করেন।<br><br>এ বিষয়ে সভাপতি মহোদয় সিভিল ও ই/এম আইটেম/ইকুইপমেন্টসমূহ প্রকল্প দপ্তরে দেখিয়ে অনুমোদন নেয়ার জন্য গণপূর্ত অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন। | সিভিল ও ই/এম আইটেম/ইকুইপমেন্টসমূহ প্রকল্প দপ্তরে দেখিয়ে অনুমোদন নিতে হবে।<br><br>**বাস্তবায়নেঃ**<br><br>গণপূর্ত অধিদপ্তর। |
| সার্ভার রুমের রেইজড় ফ্লোর স্থাপন | উপ-প্রকল্প পরিচালক বলেন যে, নির্মিতব্য ভবনের সার্ভার ফ্লোরের জন্য প্রিসিশন এসি'র ব্যবস্থা রাখা আছে। কিন্তু সার্ভার রুমে সার্ভার স্থাপনের লক্ষে প্রিসিশন এসি স্থাপনের জন্য রেইজড় ফ্লোর স্থাপন করা প্রয়োজন। উক্ত কাজের বিপরীতে আইটেম ভিত্তিক ব্যয় | আগামী ০৩(তিন) দিনের মধ্যে গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর নেতৃত্বে নির্বাহী প্রকৌশলী (সিভিল ও ই/এম) এবং উপ-প্রকল্প পরিচালক সরেজমিনে সাইট পরিদর্শন করে সার্ভার রুমের রেইজড় ফ্লোর স্থাপনের লক্ষে একটি প্রাক্কলন প্রণয়ন এবং একই সাথে অর্থ সাশ্রয় করে আন্তঃখাত সমন্বয় করে কাজটি বাস্তবায়ন করা যায় কি না, সে বিষয়ে |

| | | |
|---|---|---|
| | আরডিপিপিতে নাই। কাজেই প্রিসিশন এসি স্থাপনের জন্য বর্তমান অফিস হতে সার্ভারসমূহ নতুন ভবনে স্থানান্তরের পূর্বে নতুন ভবনের সার্ভার ফ্লোরে রেইজড্ ফ্লোরের ব্যবস্থা করতে হবে।<br><br>এ বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সভাপতি মহোদয় বলেন যে, কাজটি বাস্তবায়নে প্রাক্কলন করা প্রয়োজন এবং একইসাথে অনুমোদিত বাজেটের মধ্যে এটি বাস্তবায়ন করা যায় কি না তা পর্যালোচনার জন্য গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ করেন। | একটি প্রতিবেদন দাখিল করবেন।<br><br>বাস্তবায়নেঃ<br><br>প্রকল্প পরিচালক, বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প এবং গণপূর্ত অধিদপ্তর। |
| কিচেন ব্যবস্থাপনা | এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলী বলেন যে, নির্মিতব্য ভবনে কর্মকর্তা/কর্মচারীদের খাবারের ব্যবস্থাপনার জন্য কিচেন রাখা হয়েছে। উক্ত কিচেনটির টাইলস স্থাপনের কাজ চলমান রয়েছে, তবে কিচেনটি পরিচালনার জন্য এ পর্যায়ে ভেন্ডর সিলেক্ট করা হলে অন্যান্য ডেকোরেশন/রিনোভেশন কার্যক্রম একইসাথে বাস্তবায়ন করা সম্ভব হতো।<br><br>সভাপতি মহোদয় বিষয়টি উপস্থাপনের জন্য ধন্যবাদ জানিয়ে বলেন যে, উক্ত কাজটি বাস্তবায়নের জন্য ভেন্ডর সিলেকশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্মিতব্য ভবনে কর্মকর্তা/কর্মচারীদের খাবারের ব্যবস্থাপনার জন্য কিচেন পরিচালনার লক্ষে ভেন্ডর নির্বাচনের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট টেন্ডার আবহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ<br><br>প্রকল্প পরিচালক, বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প এবং গণপূর্ত অধিদপ্তর। |
| রিসিভ কমিটি গঠন | সভাপতি মহোদয় জুমে অংশগ্রহণকারী সদস্যগণের মতামত জানতে চাইলে আইএমইডি'র প্রতিনিধি জনাব এস. এম মাহবুবুল হক, সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব) বলেন যে, প্রত্যেকটি আইটেম হস্তান্তরের জন্য একটি রিসিভ কমিটি থাকা আবশ্যক।<br><br>সভাপতি মহোদয় বিষয়টি নিয়ে উন্মুক্ত আলোচনা করে গণপূর্ত অধিদপ্তর হতে কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | নির্মিতব্য ভবনের প্রতিটি মালামাল/ ইকুইপমেন্ট রিসিভের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, গণপূর্ত অধিদপ্তর ও বিটিআরসি'র/ প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধির সমন্বয়ে কমিটি গঠন করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ<br><br>প্রকল্প পরিচালক, বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প এবং গণপূর্ত অধিদপ্তর। |
| প্রয়োজনীয় ডকুমেন্টস সংরক্ষণ | আইএমইডি'র প্রতিনিধি জনাব এস. এম মাহবুবুল হক, সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব) বলেন যে, ভবিষ্যত নিরীক্ষা কার্যক্রম বা বিভিন্ন মন্ত্রণালয়ে প্রকল্প সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য গণপূর্ত অধিদপ্তরে রক্ষিত প্রকল্প সংশ্লিষ্ট ফাইলের একটি ছায়া নথি বিটিআরসিকে সংরক্ষণের জন্য অনুরোধ করেন।<br><br>সভাপতি মহোদয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন। | গণপূর্ত অধিদপ্তরকে প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্প সংশ্লিষ্ট ফাইলের একটি ছায়া নথি বিটিআরসিতে দাখিল করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ<br><br>গণপূর্ত অধিদপ্তর। |

| | | |
|---|---|---|
| কাজের গুনগতমান ও মনিটরিং জোরদার | পরিকল্পনা বিভাগ হতে জুম এর মাধ্যমে সভায় যোগদানকৃত প্রতিনিধি জনাব নিশাত জাহান, উপ-প্রধান (উপ-সচিব), একনেক উইং বলেন যে, নির্মিতব্য বিটিআরসি ভবনের স্থাপত্য নকশা প্রণয়নে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন যথাযথ ভাবে অনুসরণ করা হয়েছে। এছাড়াও তিনি প্রকল্পের কাজের গুণগত মান ও অগ্রগতির ধারা বজায় রেখে যাতে নির্ধারিত সময়ে প্রকল্পটি বাস্তবায়ন করা যায় সে বিষয়ে তিনি একনেকের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | প্রকল্পের কাজের গুণগত মান ও অগ্রগতির ধারা বজায় রেখে নির্ধারিত সময়ে প্রকল্পটি বাস্তবায়ন করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ<br><br>প্রকল্প পরিচালক, বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প এবং গণপূর্ত অধিদপ্তর। |

৭.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(শ্যাম সুন্দর সিকদার)
চেয়ারম্যান, বিটিআরসি
ও
আহবায়ক
প্রকল্প বাস্তবায়ন কমিটি
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ প্রকল্প

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.৪৩.০০৪.২১.৪২১ তারিখঃ ৩০/০৩/২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৪। সদস্য, সাধারণ অর্থনৈতিক বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৫। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৬। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
০৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
০৮। যুগ্ম-সচিব (পরিকল্পনা উইং), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
০৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১০। পরিচালক (প্রশাসন), বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা।
১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৫, পূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৩, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম কারখানা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪। উপ-প্রকল্প পরিচালক, বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা।
১৫। নির্বাহী স্থপতি, সার্কেল-২, বিভাগ-৬, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

১৭। সিনিয়র সহকারী পরিচালক, বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প, বিটিআরসি।

১৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা।

১৯। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, বিটিআরসি ভবন নির্মাণ প্রকল্প এর ব্যক্তিগত কর্মকর্তা, বিটিআরসি।

২০। অফিস কপি।

(মোঃ দেলোয়ার হোসাইন)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক (প্রশাসন), বিটিআরসি
ও
প্রকল্প পরিচালক
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ প্রকল্প।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্রকল্প পরিচালকের কার্যালয়
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ প্রকল্প
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
www.btrc.gov.bd/btrc-building

বিষয়ঃ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (পিআইসি) সভা।

অদ্য ২৩/০৩/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের সভা কক্ষে (কক্ষ নং-৭১১, ৭ম তলা) বিটিআরসি'র চেয়ারম্যান ও প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি জনাব শ্যাম সুন্দর সিকদার এর সভাপতিত্বে অনুষ্ঠিত "বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)'র ১১তম সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

| ক্রমিক | নাম, পদবী ও দপ্তর | টেলিফোন নং/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মো: জাহাঙ্গীর খান<br>অতি: প্রধান প্রকৌশলী<br>গণপূর্ত ই/এম জোন ঢাকা | 01711-172218 | [signature] 23/3/22 |
| ২ | রহমত সাবরিনা<br>নির্বাহী প্রকৌশলী<br>গণপূর্ত প্রকল্প বিভাগ-৫ | 01552407402 | Sabrina 23/3/22 |
| ৩ | মো: মাহমুদ আলম<br>নির্বাহী প্রকৌশলী<br>গ: পূ: নগর গণপূর্ত বিভাগ-৬ | | [signature] 23/03/22 |
| ৪ | মো: নাছির উদ্দিন দিদার<br>নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | 01711351787 | [signature] 23/03/22 |
| ৫ | মোহাম্মদ ইউসুফ<br>সিনিয়র প্রকৌশলী (ই/এম) | 01975932293 | [signature] 23.03.22 |
| ৬ | জুবাইরিয়া আবেরীন<br>নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | 01911663012 | [signature] 23.03.22 |
| ৭ | মো: আব্দুল কুদ্দুছ<br>উপবিভাগীয় প্রকৌশলী ই/এম | 01711958629 | [signature] |
| ৮ | মো: রফিকুল আলম<br>উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত | 01760288681 | [signature] |
| ৯ | এস.এম. আনিসুল হক<br>সিনিয়র সহকারী স্থপতি<br>স্থাপত্য অধিদপ্তর | 01717065098 | [signature] |

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্রকল্প পরিচালকের কার্যালয়

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ প্রকল্প

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

www.btrc.gov.bd/btrc-building

| ক্রমিক | নাম ও পদবী | টেলিফোন নং/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | মো: দেলোয়ার হোসাইন. সহ- পরিচালক ও প্রকল্প পরিচালক, বিটিআরসি | 01552202706 | [signature] 20/3/2022 |
| ১১ | ডাক্তার মো: রাশেদুল ওয়াদুদ পরিচালক (প্রশাসন) বিটিআরসি। | 01552202716 | [signature] 20/3/22 |
| ১২ | মো: আব্দুর রব উপসচিব, পিটিডি | 01550153676 | [signature] 20/3/22 |
| ১৩ | মো: আসাদুজ্জামান উপ-প্রকল্প পরিচালক | 01552202782 | [signature] 20/3/2022 |
| ১৪ | মো: সাইফুল আলম খান সিনি: সহকারী পরিচালক. বিটিআরসি | 01552202756 | [signature] 20/3/22 |
| ১৫ | | | |
| ১৬ | | | |
| ১৭ | | | |
| ১৮ | | | |
| ১৯ | | | |
| ২০ | | | |